সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
Sylhet Gas Fields Limited
(A Company of Petrobangla)

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

সূত্র নং-১১.২১.৭০/১৬৩০ তারিখঃ ০৭-০৫-২০১৫

অফিস আদেশ

সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) সম্পাদনের লক্ষ্যে কোম্পানীর সাথে পেট্রোবাংলার ২০১৪-২০১৫ অর্থ-বছরের চুক্তিপত্র ১৬-০৪-২০১৫ তারিখে স্বাক্ষরিত হয়েছে। পেট্রোবাংলার সাথে ২০১৫-২০১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন এবং পরবর্তীতে প্রতি অর্থ-বছরে এ চুক্তি সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। চুক্তিতে বর্ণিত সকল কর্মকান্ডের সেক্টর ভিত্তিক কর্মসূচী প্রণয়ন, বাস্তবায়ন, অগ্রগতি মনিটরিং, যথাসময়ে চুক্তি স্বাক্ষর সম্পন্নকরণ ইত্যাদি কার্যাবলী সম্পাদনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ

১.	জনাব মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্, মহাব্যবস্থাপক(এলপিএম)	- আহবায়ক
২.	জনাব মোঃ কামরুল ইসলাম সরদার, উপ-মহাব্যবস্থাপক(কৈলাশটিলা)	- সদস্য
৩.	জনাব মোঃ ফারুক হোসেন, উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)	- সদস্য-সচিব
৪.	জনাব প্রদীপ কুমার বিশ্বাস, উপ-মহাব্যবস্থাপক (আরসিএফপি)	- সদস্য
৫.	জনাব হোসাইন জিয়াউল হক, উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা)	- সদস্য
৬.	জনাব মোঃ আকবর আলী, উপ-মহাব্যবস্থাপক (কোম্পানী এফেয়ার্স)	- সদস্য
৭.	জনাব পান্না লাল ধর, উপ-মহাব্যবস্থাপক (অর্থ)	- সদস্য
৮.	জনাব এ জেড এম আবুল বাসার, ব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)	- সদস্য
৯.	জনাব মোঃ আরিফুর রহমান, ব্যবস্থাপক(আইসিটি)	- সদস্য

কমিটির কার্যপরিধি (TOR)ঃ

- কমিটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের জন্য সেক্টর ভিত্তিক কর্মসূচী প্রণয়নপূর্বক কোম্পানীর জন্য লক্ষ্যমাত্রা ভিত্তিক বার্ষিক কর্মকান্ড নির্ধারণ করবে।
- কমিটি স্বাক্ষরিত কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সেক্টর ভিত্তিক কর্মসূচীর সামগ্রিক কর্মকান্ডের অগ্রগতি মনিটরিং, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবে এবং চুক্তি অনুযায়ী লক্ষ্য অর্জন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।
- কমিটি নির্ধারিত কর্মকান্ডের আলোকে নির্ধারিত ছকে লক্ষ্যমাত্রা ভিত্তিক ২০১৫-২০১৬ ও তৎপরবর্তী অর্থ-বছরসমূহের জন্য কোম্পানীর বার্ষিক চুক্তি সম্পাদনের খসড়া প্রণয়ন করে ব্যবস্থাপনা পরিচালক এর নিকট উপস্থাপন করবে।
- কমিটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পর প্রতি অর্থ-বছরের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার ভিত্তিতে অগ্রগতি মনিটর করার জন্য প্রতি মাসে সকল মহাব্যবস্থাপকগণের উপস্থিতিতে এক বা একাধিক সভার আয়োজন করবে।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অগ্রগতি না হলে করণীয় নির্ধারণের লক্ষ্যে কমিটি তা যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করবে।
- কমিটি কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত Innovation Team এর দায়িত্ব পালন করবে।
- কমিটির আহবায়ক পেট্রোবাংলার সাথে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করবে।

এ অফিস আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণঃ কমিটির সকল সদস্য

অনুলিপিঃ
- মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ/পিএন্ডডি/অপারেশন/কোম্পানী সচিব/টিএস/এলপিএম/প্রশাসন)
- ব্যবস্থাপক(সমন্বয়), এমডি সেকশন